পেকুয়ায় ৫ টাকার ভাড়ার জন্য দু’গ্রামবাসীর সংঘর্ষ, আহত -৪

পেকুয়া প্রতিনিধি:
পেকুয়ায় ৫ টাকা টমটম ভাড়া দেওয়া-নেওয়া নিয়ে সংঘর্ষের ঘটনা ঘটে। ১০ জানুয়ারী সন্ধ্যা ৬টায় পেকুয়া সদর ইউনিয়নের ব্যাইমাখালী এলাকায় এ ঘটনা ঘটে।

স্থানীয় ও প্রত্যক্ষদূর্শী সূত্রে জানা যায়, বাইম্যাখালী এলাকার জব্বর নামে এক টম টম চালাক পেকুয়া সদর ইউপি পরিষদ গেইট হয়ে যাত্রী নিয়ে বাইম্যাখালী এলাকায় যায়। পথিমধ্যে রাহাতজানি পাড়া এলাকার জৈনিক এক যাত্রী তার সহপাঠীসহ ৩ জন গাড়ী থেকে নেমে যায়। এ সময় চালক ভাড়া খুজঁলে দুই জনের ভাড়া দেয়। ফলে আরেক জনের ৫ টাকা ভাড়া নিয়ে চালক ও যাত্রীর মধ্যে কথাকাটাকাটি হয়। এক পর্যায়ে স্থানীয় শাহজাহানসহ বেশ কয়েকজন লোক ওই যাত্রীকে বকাঝকা দিয়ে বিষয়টি মীমাংসা করে দেন। কিছুক্ষন পর রাহাতজানি পাড়া এলাকার ওই যাত্রীর আত্বীয়স্বজনরা লাঠিসোটা নিয়ে গিয়ে জব্বারের চায়ের দোকান ভাংচুর করে।

এ সময় বাইম্যাখালী গ্রামবাসী ও রাহাতজানি পাড়ার লোকজনের মধ্যে ধাওয়া পাল্টা ধাওয়ার ঘটনা ঘটে। ঘটনার খবর পেয়ে দ্রুত পেকুয়া পুলিশ ঘটনাস্থলে গিয়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।

এতে বাইম্যাখালী এলাকার মৃত আলী আহমদের পুত্র জসিম উদ্দিন(২৪), সাহাব উদ্দিনের পুত্র মনু(২০), কামালের পুত্র জয়নাল(২৫), কালু আহত হয়। আহতদের কে স্থানীয়রা উদ্ধার করে পেকুয়া সদর হাসপাতালে ভর্তি করে। আহতদের মধ্যে পথচারী জসিম উদ্দিনের অবস্থার অবনতি হওয়ায় কক্সবাজার সদর হাসপাতালে প্রেরণ করা হয়েছে।